



ক্রমিক নং: প্রযুক্তি/২০১৭-১৮

তারিখ:- ২২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দ

‘প্রযুক্তি’ ইউনিট ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

## ‘প্রযুক্তি’ ইউনিটে ভর্তির তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রযুক্তি ইউনিটভুক্ত কলেজ/ইনস্টিটিউট-এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষে ভর্তির জন্য যে সকল প্রার্থী বিষয় ও প্রতিষ্ঠান মনোনয়ন পেয়েছে তাদেরকে আগামী ০৬/০২/২০১৮ তারিখ থেকে ১৪/০২/২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম শুরু করার জন্য নির্দেশ প্রদান হলো। আগামী ২৫/০২/২০১৮ তারিখ থেকে স্ব স্ব প্রতিষ্ঠানে ক্লাস শুরু হবে।

ভর্তি হতে যাওয়ার পূর্বে আগামী ০৫/০২/২০১৮ তারিখ প্রার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে লগইন করে চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠান ও বিষয় দেখতে হবে এবং যে প্রতিষ্ঠান ও বিষয় থাকবে ঐ প্রতিষ্ঠানেই ভর্তির জন্য যেতে হবে। ভর্তির পর আগামী ১৪/০২/২০১৮ তারিখের পর আসন খালি থাকা সাপেক্ষে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশন হবে।

ভর্তির জন্য প্রার্থীদের (১) Transcript Received সীলযুক্ত ‘প্রযুক্তি ইউনিট’ এর মূল প্রবেশপত্র, (২) ০৪/০২/২০১৮ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীদের যে বিষয় মনোনয়ন দেয়া থাকবে তার একটি প্রিন্ট কপি এবং (৩) জামানতের জন্য নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিয়ে নির্ধারিত প্রতিষ্ঠানে যেতে হবে। ভর্তি ফি (স্ব স্ব প্রতিষ্ঠান থেকে জেনে নিতে হবে) এবং অন্যান্য কাগজপত্র আগামী ২৫/০২/২০১৮ তারিখে ক্লাস শুরুর দিন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

(অধ্যাপক ড. মোঃ হাসানুজ্জামান)

ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

এবং

সমন্বয়কারী ‘প্রযুক্তি’ ইউনিট ভর্তি পরীক্ষা: ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়